স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে, শিবগঞ্জ

চাঁপাইনবাবগঞ্জ – চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২০ আগস্ট) বিকালে শিবগঞ্জ ডাকবাংলা চ্বতরে অনুষ্ঠিত হয়। স্বেচ্ছাসেবক দলের ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধন অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিএনপি’র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা ও অধ্যাপক মোঃ শাজাহান মিয়া ।
শিবগঞ্জ উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল্লহ আল ফারুক কুইক সভাপতিত্বে বক্তব্য রাখেন, শিবগঞ্জ উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সারওয়ার জাহান সেন্টু, সিনিয়ার পৌর যুবদলের আহ্বায়ক অধ্যাপক আবুল বাশার উপজেলা সেচ্ছাসেবকদলে সদস্য সচিব জানিবুল ইসলাম জৌসি, শিবগঞ্জ উপজেলা ছাত্রদলের সদস্য সচিব মোখলেসুর রহমানের সঞ্চালনায় উপস্থিত ছিলেন , উপজেলা ইচ্ছা সেবক দলের যুগ্ন আহবায়ক মিজানুর রহমান মিজু, পৌর স্বেচ্ছাসেবকদলের আহবায়ক কেতাব উদ্দিন, সদস্য সচিব আবদুর রহমান খোকা, সহ শিবগঞ্জ উপজেলার বিএনপি ও এর সহযোগী সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন ।